

(https://www.banglanews24.com)

# জন্মস্থানে জনসমুদ্রে সংবর্ধনা পেলেন মেয়র আনিসুল হক

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ০৫৩৬ ঘণ্টা, সেপ্টেম্বর ২৫, ২০১৬



ছবি: বাংলানিউজটোয়েন্টিফোর.কম

নোয়াখালী: একসঙ্গে এতো মানুষের সামনে কোনো সময় বক্তব্য দেইনি। এতো ফুলেল শুভেচ্ছাও পাইনি। এতো ভালোবাসা। সত্যি আমি ঋণী হয়ে গেলাম আমার এই জন্ম মাটি ও মানুষের কাছে, প্রিয় জন্মস্থান কবিরহাট ও প্রিয় নোয়াখালী জেলার কাছে।

জন্মস্থানে জনসমুদ্রে আবেগাপ্লুত হয়ে কথাগুলো বলেন এক সময়ের দেশসেরা জনপ্রিয় ও জননন্দিত উপস্থাপক এবং বর্তমানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

শনিবার (২৪ সেপ্টেম্বর) সেই জনতার সাগরে নোয়াখালীর কবিরহাট উপজেলার সরকারি কলেজ মাঠে জেলা আওয়ামী লীগের উদ্যোগে হাজার হাজার মানুষের উপস্থিতিতে সন্ত্রীক গণসংবর্ধনা পেলেন মেয়র আনিসুল।

এসময় তিনি বলেন, প্রধানমন্ত্রী আমাকে আধুনিকায়তন ও বৈচিত্র্যের মাধ্যমে ঢাকা পরিবর্তনের দায়িত্ব দিয়েছেন। আগামীতে একইভাবে আমি নোয়াখালীকেও পরিবর্তনের দায়িত্ব নিয়ে ঋণ শোধের চেষ্টা করবো।

সংবর্ধনা অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগ সভাপতি অধ্যক্ষ খায়রুল আনাম সেলিমের সভাপতিত্বে ও কবিরহাট পৌর মেয়র জহিরুল হক রায়হানের সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি। মন্ত্রী তার বক্তব্যে মেয়র আনিসুল হককে শুভেচ্ছা জানান।

বিশেষ অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন নোয়াখালী-৪ (সদর-সুবর্ণচর) আসনের সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী, নোয়াখালী-৩ (বেগমগঞ্জ) আসনের সংসদ সদস্য মামুনর রশিদ কিরন, নোয়াখালী-১ (চাটখিল) আসনের সংসদ সদস্য এইচএম ইব্রাহিম, নোয়াখালী-৬ (হাতিয়া) আসনের সংসদ সদস্য আয়েশা আলী, ফেনী সদর আসনের আসনের সংসদ সদস্য নিজাম উদ্দিন হাজারী, জেলা পরিষদের প্রশাসক ডা. এবিএম জাফর উল্যাহ, জেলা আ'লীগের সহ-সভাপতি মিনহাজ আহমেদ জাবেদ, নোয়াখালী পৌরসভার মেয়র সহিদ উল্যাহ খান সোহেল, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান শিহাব উদ্দিন শাহীন, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান বাদল, সাবেক উপজেলা চেয়ারম্যান সাহাব উদ্দিন, জেলা আ'লীগ নেতা সামছুদ্দিন জেহান, নোয়াখালী শহর আওয়ামীলীগ সভাপতি আবদুল ওয়াদুদ পিন্টু, কবিরহাট পৌরসভার সাবেক মেয়র আলাবক্স টিটু।

বাংলাদেশ সময়: ০৫৩০ ঘন্টা, সেপ্টেম্বর ২৫, ২০১৬

এএ

### সম্পাদক : জুয়েল মাজহার

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬,  
+৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) সম্পাদক ইমেইল: editor@banglanews24.com  
(mailto:editor@banglanews24.com)

Marketing Department: +880 961 212 3131 Extension: 3039 E-mail: marketing@banglanews24.com  
(mailto:marketing@banglanews24.com)

কপিরাইট © 2006-2024 banglanews24.com | একটি ইস্ট-ওয়েস্ট মিডিয়া গ্রুপের (ইডব্লিউএমজিএল) প্রতিষ্ঠান